

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩২৭

- ২. সালাত অধ্যায় (كتاب الصلاة)
- পরিচ্ছেদঃ ৬৩. যুহর ও আসরের সালাতে কিভাবে কিরা'আত করতে হবে

بَابِ كَيْفَ الْعَمَلُ بِالْقِرَاءَةِ فِي الظُّهْرِ وَالْعَصْرِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا هَمَّامٌ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي قَتَادَةَ أَنَّ أَبَاهُ حَدَّتُهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ مِنْ صَلَاةِ الظُّهْرِ بِأُمِّ الْكِتَابِ وَبِسُورَتَيْنِ وَفِي الْأُخْرَيَيْنِ بِأُمِّ الْكِتَابِ وَكَانَ يُسْمِعُنَا الْآيَةَ وَكَانَ يُطِيلُ فِي الثَّانِيَةِ وَهَكَذَا فِي صَلَاةِ الْعُصْرِ وَهَكَذَا فِي صَلَاةِ الْغَدَاة

বাংলা

১৩২৭. ইবনু আবী কাতাদার পিতা হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যুহরের সালাতের প্রথম দু'রাকা'আতে উম্মুল কুরআন (সুরা ফাতিহা) এবং এর সাথে আরও দু'টি পাঠ করতেন এবং পরবর্তী দু'রাকা'আত কেবল উম্মুল কিতাব (সুরা ফাতিহা) পাঠ করতেন। কখনো কখনো তিনি কোনো কোনো আয়াত আমাদেরকে শুনাতেন। আর তিনি প্রথম রাকা'আতে দীর্ঘ (কিরা'আত) করতেন, কিন্তু দ্বিতীয় রাকা'আতে তত দীর্ঘ করতেন না। আর আসরের সালাতেও তিনি এরূপ করতেন এবং ফজরের সালাতেও তিনি এরূপ করতেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ মুসিলম ৪৫১ (১৫৫); বুখারী ৭৭৬; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৮২৯; পূর্ণ তাখরীজ দেখুন, আগের টীকাগুলিতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=81610}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন